



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
লৌহজং, মুন্সীগঞ্জ।

পত্র নং : ৩৩.০২.৫৯৪৪.৫০১.২২.০০২.২৩-১০৫

তারিখ : ১১ আশ্বিন, ১৩০৫
২৬ সেপ্টেম্বর, ২০২৩

বিষয় : মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৩ উপলক্ষে লৌহজং উপজেলায় ০৭ (সাত) জন ব্যাটালিয়ন আনসার নিয়োগ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, লৌহজং উপজেলাটি ভৌগোলিকভাবে পদ্মানদীর তীরে অবস্থিত। ইলিশের প্রধান প্রজনন মৌসুম হওয়ায় এ সময় পদ্মা নদীতে প্রচুর পরিমাণে মা ইলিশ সমুদ্র থেকে উঠে আসে। মা ইলিশ সংরক্ষণ অভিযান নিরাপদ এবং আরও গতিশীল করার লক্ষে প্রতি বছরের ন্যায় এ বছর ৩১ অক্টোবর ২০২৩ খ্রি. থেকে ০২ নভেম্বর ২০২৩ খ্রি. (২৭ আশ্বিন থেকে ১৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ) তারিখ পর্যন্ত মোট ২২ দিন ইলিশের প্রধান প্রজনন মৌসুম হিসেবে ঘোষণা করা হয়েছে। ইলিশ মাছের প্রজনন ও বংশ বৃদ্ধি নিশ্চিত করার লক্ষে এ সময় সারাদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। উক্ত কার্যক্রম জোরদার ও সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার জন্য লৌহজং উপজেলায় ০৭ (সাত) জন ব্যাটালিয়ন আনসার নিয়োগ করা একান্ত প্রয়োজন।

এমতাবস্থায় পদ্মা নদীতে ইলিশ মাছ নিধন ও নিষিদ্ধকালীন সময়ে কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার নিমিত্তে লৌহজং উপজেলায় ০৭ (সাত) জন ব্যাটালিয়ন আনসার জরুরী ভিত্তিতে নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(মোহাম্মদ ফারিদুল ইসলাম)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
লৌহজং, মুন্সীগঞ্জ।
ফোনঃ ০২-৯৯৭৭৩৩৫৩৮

উপজেলা নির্বাহী অফিসার
লৌহজং, মুন্সীগঞ্জ।

পত্র নং : ৩৩.০২.৫৯৪৪.৫০১.২২.০০২.২৩-১০৫/(৩)

তারিখ : ১১ আশ্বিন, ১৪৩০
২৬ সেপ্টেম্বর, ২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। জেলা মৎস্য কর্মকর্তা, মুন্সীগঞ্জ।
- ২। উপজেলা আনসার ডিডিপি কর্মকর্তা, লৌহজং, মুন্সীগঞ্জ।
- ৩। অফিস নথি।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
লৌহজং, মুন্সীগঞ্জ।
ফোনঃ ০২-৯৯৭৭৩৩৫৩৮